14 AUG 1991

তারিখ 10 AUG 1991 ……
পৃষ্ঠা …… কলাম ……

92

### যোগাযোগমন্ত্রী একঘন্টা আটকে ছিলেন

# ছাত্রদলের ডাকে চ. বি. এ ধর্মঘট হয়েছে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের ডাকে গতকাল ধর্মঘট পালিত হয়েছে। ধর্মঘটের সময় ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের এক নম্বর গেটে ব্যারিকেড দিলে চট্টগ্রাম থেকে হাটহাজারী যাবার পথে যোগাযোগ মন্ত্রী অলি আহমদ প্রায় এক ঘন্টার জন্যে আটকা পড়েন। খবর নিজস্ব সংবাদদাতার।

সংবাদদাতা জানিয়েছেন, যোগাযোগ মন্ত্রী অলি আহমদ চট্টগ্রামে আই.এ.এইচ.এস. মহিলা হোস্টেল উদ্বোধনের পর হাটহাজারীতে দারুল উলুম মইনুল উলুম মাদ্রাসা পরিদর্শনে যাওয়ার পথে বিক্ষুব্ধ ছাত্ররা মন্ত্রীর গাড়ি আটকে দেয়।

ছাত্ররা গত রোববার ছাত্রদলের মিছিলে হামলা ও গত ২২ ডিসেম্বরের ঘটনায় নিহত ছাত্রনেতা ফারুকুজ্জামানের হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত শিবিরের সশস্ত্র ক্যাডারদের গ্রেপ্তার ও বিচার দাবি করে। মন্ত্রী ছাত্রদের এসব ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেপ্তার ও শাস্তি হবে বলে নিশ্চয়তা দিলে ছাত্ররা ব্যারিকেড তুলে নেয়। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মীর নাসির উদ্দিন, ওয়াহিদুল হক এমপি, এম.এ জিন্নাহ এমপি, মাউ সে চিং এমপি এবং ডঃ এএফএম ইউসুফ মন্ত্রীর সঙ্গে ছিলেন।

ধর্মঘট চলাকালে বিশ্ববিদ্যালয়ে কোনো ক্লাস হয়নি বলে ছাত্রছাত্রীরা জানিয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে প্রশাসনিক ভবনেও কোনো কাজকর্ম হয়নি।

ধর্মঘটের সময় ছাত্রদল ক্যাম্পাসে বেশ কয়েকটি খণ্ড মিছিল করে। পরে সবক'টি খণ্ড মিছিল একত্রিত হয়ে বিশ্ববিদ্যালয়ের ছ'টি হল ঘুরে বিশ্ববিদ্যালয় রেল স্টেশনে এক সমাবেশে মিলিত হয়। সমাবেশে বক্তারা রোববারের হামলা ও ২২ ডিসেম্বরের ঘটনার সঙ্গে জড়িত শিবির ক্যাডারদের গ্রেপ্তার ও শাস্তি দাবি করেন। তারা শিক্ষাঙ্গনকে সন্ত্রাস মুক্ত করার জন্যে সরকারের প্রতি আহবান জানান।